রুয়েট বুলেটিন

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা

২য় বর্ষ :: ৫ম সংখ্যা :: জানুয়ারি-মার্চ ২০১৬

রুয়েটে সফলভাবে শেষ হলো জব ফেয়ার

গত ৮ ও ৯ জানুয়ারী অনুষ্ঠিত হয়ে গেল দু'দিনব্যাপী জব ফেয়ার। ৮ জানুয়ারী শুক্রবার সকালে রুয়েট ক্যারিয়ার ফোরাম (আরসিএফ) আয়োজিত এই জব ফেয়ার উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

রুয়েটে প্রথমবারের মত আয়োজিত জব ফেয়ারের ফিতা কেটে উদ্বোধন করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে প্রথমবারের মত আয়োজিত এই জব ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন মেধাবী শিক্ষার্থীদের বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তিতে দারুণভাবে সহায়তা করবে এই জব ফেয়ার। এছাড়া এই জব ফেয়ারে আয়োজিত বিভিন্ন সেমিনার থেকে শিক্ষার্থীরা ভবিষ্যতে ক্যারিয়ার গড়ার ক্ষেত্রে বিভিন্ন দিক নির্দেশনা পাবেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার ও উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় 'ক্যারিয়ার গঠনে করণীয়' শীর্ষক প্রথম সেমিনার। এই সেমিনার পরিচালনা করেন ৩০তম বিসিএস পরীক্ষায় প্রথম স্থান অধিকারী সুশান্ত পাল। বিকেলে 'ক্যারিয়ার ভাবনা' শীর্ষক দ্বিতীয় সেমিনার পরিচালনা করেন ৩৩তম বিসিএস পরীক্ষায় প্রথম স্থান অধিকারী অত্র বিশ্ববিদ্যালয়ের তওই বিভাগের প্রাক্তন ছাত্র অভিজিত দাস। ৯ জানুয়ারী শনিবার দিনব্যাপী তৃতীয় সেমিনার অনুষ্ঠিত হয়, যা পরিচালনা করেন জব ফেয়ারে অংশ নেয়া বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ।

দুই দিনব্যাপী এই জব ফেয়ারে গ্রামীনফোন, বিএসআরএম, প্রিমিয়ার সিমেন্ট, অন্যরকম সহ ১২ টি প্রতিষ্ঠানের স্টল দেয়া হয় যা সকলের জন্য উন্মুক্ত ছিল। এসব স্টলগুলোতে চাকুরীপ্রার্থীদের সিভি নেয়া হয় এবং এসব প্রতিষ্ঠানে ক্যারিয়ার গড়তে বিভিন্ন পরামর্শ দেয়া হয়। ৯ জানুয়ারী সন্ধ্যায় দুই দিনব্যাপী এই জব ফেয়ার শেষ হয়।

রুয়েট ক্যারিয়ার ফোরাম (আরসিএফ)এর সদস্যরা জানিয়েছেন, এই জব ফেয়ারে অংশ নেয়া প্রতিষ্ঠানগুলো রুয়েটের প্রায় একশ শিক্ষার্থীর জীবন বৃত্তান্ত গ্রহণ করেছে। এদের মধ্যে অনেকের স্পট ইন্টারভিউ গ্রহণ করা হয়েছে। এতে করে রুয়েটের অনেক শিক্ষার্থী জব ফেয়ারে অংশ নেয়া প্রতিষ্ঠানগুলোতে ক্যারিয়ার গড়ার সুযোগ পাবেন। আগামীতে আরও বৃহৎ পরিসরে জব ফেয়ারের আয়োজন করা হবে বলেও জানিয়েছেন তাঁরা।

প্রতিষ্ঠার ৫২ বছর পর নির্মাণ করা হচ্ছে রুয়েটের দৃষ্টিনন্দন প্রধান ফটক

প্রতিষ্ঠার প্রায় ৫২ বছর পর রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নির্মাণ করা হচ্ছে আধুনিক শৈলীর দৃষ্টিনন্দন প্রধান ফটক। নতুন এ দৃষ্টিনন্দন প্রধান ফটক নির্মাণের উদ্দেশ্যে রুয়েটে একটি প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দলগুলির মধ্যে প্রথম স্থান অধিকার করে আর্কিটেকচার বিভাগের ২০১৩ সিরিজের ছাত্র-ছাত্রীদের একটি দল। পরবর্তীতে আর্কিটেকচার বিভাগ ও পুরকৌশল বিভাগের শিক্ষকদের সমন্বয়ে গঠিত একটি বাস্তবায়ন কমিটির মাধ্যমে গেটটি নির্মাণের প্রয়োজনীয় নকশা প্রণয়ন করা হয়।

৯ জানুয়ারী শনিবার সকালে রুয়েটের প্রধান ফটকের নির্মাণ কাজের উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। এসময়ে তিনি বলেন, দেশের উত্তরাঞ্চলে প্রকৌশল শিক্ষার একমাত্র সর্বোচ্চ বিদ্যাপিঠ হচ্ছে রুয়েট।

রুয়েটে নির্মাণাধীন দৃষ্টিনন্দন নতুন প্রধান ফটক।

প্রধান ফটকের নির্মাণ কাজের উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন, পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আব্দুস সোবহান, পুরকৌশল বিভাগের অধ্যাপক ও আর্কিটেকচার বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ইকবাল মতিন, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ, এ্যাপলাইড সায়েন্স এন্ড হিউম্যানিটিজ অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাজেদুর রহমান, পরিচালক (উন্নয়ন ও পরিকল্পনা) প্রফেসর ড. মোঃ আবদুল আলীম, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. মোঃ শামিমুর রহমান, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী মোঃ শাহাদৎ হোসেন সহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠান শেষে রুয়েটের অব্যাহত উন্নয়ন ও অগ্রগতি কামনা করে দোয়া করা হয়।

রুয়েটে যাত্রা শুরু করলো নতুন দু'টি বিভাগ

১। কেমিক্যাল এন্ড ফুড প্রসেসিং ইঞ্জিনিয়ারিং বিভাগ

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চলতি ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে যাত্রা শুরু করেছে কেমিক্যাল এন্ড ফুড প্রসেসিং ইঞ্জিনিয়ারিং বিভাগ (সিএফপিই)। বিভাগটিকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের অন্তর্ভুক্ত করা হয়েছে। নতুন এই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফীকে প্রদান করা হয়েছে । ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ৩০ জন ছাত্র-ছাত্রী ভর্তির করার মাধ্যমে এই বিভাগটি যাত্রা শুরু করেছে।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ এবং নবনিযুক্ত বিভাগীয় প্রধান ড. নীরেন্দ্র নাথ মুস্তফী বলেন, দেশে রাসায়নিক প্রযুক্তি এবং নিরাপদভাবে খাদ্য সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণের ক্ষেত্রে এই বিভাগ নতুন প্রযুক্তি উদ্ভাবনে সহায়ক ভূমিকা রাখবে এবং শিক্ষা ও গবেষণার প্রসার ঘটাতে এবং দক্ষ জনশক্তি তৈরীতে অগ্রণী ভূমিকা পালন করবে।

২। ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগ

ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগ নামে আরও একটি নতুন বিভাগ চালু হয়েছে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে।

ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগটিকে ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ৬০ জন শিক্ষার্থী ভর্তির মাধ্যমে এই বিভাগটি চালু হয়েছে।

নতুন এই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখকে। তিনি আশাবাদ ব্যক্ত করেন, তথ্য প্রযুক্তির এই যুগে ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগ দেশে দক্ষ তথ্য প্রযুক্তিবিদ তৈরী করতে এবং এ সংক্রান্ত শিক্ষা ও গবেষণা প্রসারে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

এই নতুন বিভাগটি খোলার বিষয়ে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন, বর্তমান সরকারের নেতৃত্বে দেশ ডিজিটাইজেশনের দিকে এগিয়ে চলেছে। কাজেই সদ্য চালু হওয়া এই নতুন বিভাগটি সরকারের ডিজিটাইজেশন প্রক্রিয়াকে এগিয়ে নিতে অনেক সহায়ক ভূমিকা রাখবে।

রুয়েটে খোলা হলো আইআইসিটি ইন্সটিটিউট

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে দক্ষ জনবল তৈরী এবং এ বিষয়ে উচ্চতর শিক্ষা ও গবেষণার সুযোগ করে দেয়ার লক্ষ্যে রুয়েটে খোলা হয়েছে ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি)। ২৯ জানুয়ারী রুয়েটের ৭৭তম সিন্ডিকেট সভায় আইআইসিটি নামক ইন্সটিটিউট খোলার বিষয়ে সিদ্ধান্ত সৃহীত হয়।

এই ইন্সটিটিউট খোলা প্রসঙ্গে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন, সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার জন্য গুরুত্বপূর্ণ সব উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ এবং সেগুলো বাস্তবায়ন করছে।

রুয়েটে নব প্রতিষ্টিত এই ইন্সটিটিউট ডিজিটাল বাংলাদেশ গড়ার সরকারী উদ্যোগকে নানাভাবে সহায়তা ও ত্বরান্বিত করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

গত ৩১ জানুয়ারী নবগঠিত এই ইন্সটিটিউটের পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামানকে।

আইআইসিটি-এর পরিচালক হিসেবে নিয়োগ পাওয়ায় প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান রুয়েট কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেছেন, এই ইন্সটিটিউট খোলার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ পূরণের জন্য তিনি একনিষ্ঠভাবে কাজ করে যাবেন।

শিক্ষক সমিতির নির্বাচন অনুষ্ঠিত

দীর্ঘ পাঁচ বছর পর অনুষ্ঠিত হয় রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির দ্বি-বার্ষিক নির্বাচন। এতে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী নীরেন-আলীম প্যানেল সংখ্যাগরিষ্ট পদে জয়লাভ করেছে।

১৯ জানুয়ারী মঙ্গলবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত রুয়েটের হিট ইঞ্জিন ল্যাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। দুপুর ২টায় ফলাফল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার ইলেকট্রনিক এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ।

সমিতির ১১ টি পদের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী নীরেন-আলীম প্যানেল সভাপতিসহ ১০ টি পদে বিপুল ভোটে বিজয়ী হয়েছে। যুগ্ম সাধারণ সম্পাদক পদে স্বতন্ত্র প্রার্থী হিসেবে তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ড. মোঃ ফারুক হোসেন জয়লাভ করেছেন।

প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী

প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম

নির্বাচনে বিভিন্ন পদে বিজয়ীরা হচ্ছেন, সভাপতি যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, সহ-সভাপতি পুরকৌশল বিভাগের প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, সাধারণ সম্পাদক পুরকৌশল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, যুগ্ম সাধারণ সম্পাদক তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ ফারুক হোসেন, কোষাধ্যক্ষ তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ রবিউল ইসলাম এবং ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক মোঃ ফিরোজ আলী। এছাড়া নির্বাহী সদস্য পদে বিজয়ী হয়েছেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম মন্ডল, পুরকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ রবিউল আউয়াল, যন্ত্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ জগলুল সাদাত, গণিত বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আব্দুর রাজ্জাক এবং পদার্থবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোঃ তানভীর করিম।

ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ রুয়েট শিক্ষক সমিতির নির্বাচনে অংশগ্রহণকারী সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। তিনি আশা প্রকাশ করেন যে, রুয়েটে শিক্ষার মানোন্নয়নে এবং শিক্ষকদের ন্যায্য অধিকার সংরক্ষণে শিক্ষক সমিতির নেতৃবৃন্দ অত্যন্ত দায়িত্বশীল ভূমিকা রাখতে সক্ষম হবেন।

১ম বর্ষের শিক্ষার্থীদের পরিজ্ঞান সভা অনুষ্ঠিত এবং ক্লাশ শুরু

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের নবাগত শিক্ষার্থীদের পরিজ্ঞান সভা ২৪ জানুয়ারী রবিবার বিকেলে কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

রুয়েটে ১ম বর্ষের শিক্ষার্থীদের পরিজ্ঞান সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

নবাগত শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন, রুয়েট আজ সেশনজটমুক্ত বিশ্ববিদ্যালয় হতে চলেছে। প্রতি বছর এখানে যুগোপযোগী নতুন নতুন বিভাগ খোলা হচ্ছে। সরকারের সার্বিক সহায়তায় নানা অবকাঠামোগত উন্নয়ন চলছে। খুব শিঘ্রই রুয়েট দেশের একটি মডেল বিশ্ববিদ্যালয় হিসেবে পরিগণিত হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফি, ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন ও কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ইনচার্জ প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান। অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডীন, বিভাগীয় প্রধান ও শিক্ষকগণ উপস্থিত ছিলেন। সভা পরিচালনা করেন পুরকৌশল বিভাগের অধ্যাপক এবং আর্কিটেকচার বিভাগের প্রধান প্রফেসর ইকবাল মতিন।

পরিজ্ঞান সভার পরের দিন ২৫ জানুয়ারী সোমবার থেকে প্রথম বর্ষের ২০১৫-২০১৬ সেশনের কাশ শুরু হয়েছে। নির্ধারিত রুটিন অনুযায়ী সোমবার সকাল থেকে প্রথম বর্ষের প্রতিটি বিভাগের ক্লাশে নবাগত শিক্ষার্থীরা ব্যাপক উৎসাহ সহকারে ক্লাশে যোগ দেয়।

শিক্ষক সমিতি নেতৃবৃন্দের শহীদ কামারুজ্জামানের মাযারে শ্রদ্ধাঞ্জলি

রুয়েটের নবনির্বাচিত শিক্ষক সমিতির নেতৃবৃন্দ আজ সোমবার জাতীয় নেতা শহীদ এ এইচ এম কামারুজ্জামানের মাযারে শ্রদ্ধা নিবেদন করেছেন। ৮ ফেব্রুয়ারী সোমবার বেলা ১২ টায় রুয়েট শিক্ষক সমিতির সদ্য বিজয়ী সভাপতি প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী এবং সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ আব্দুল আলীমের নেতৃত্বে সমিতির অন্যান্য নেতৃবৃন্দ জাতীয় নেতা শহীদ এ এইচ এম কামারুজ্জামানের মাযারে উপস্থিত হয়ে এক মিনিট নিরবতা পালন করেন। এ সময়ে তাঁরা মরহুমের আত্মার শান্তি এবং দেশের কল্যাণ কামনা করে দোয়া করেন এবং পুস্পস্তবক অর্পণ করেন।

এ সময়ে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সভাপতি প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, যুগ্ম সাধারণ সম্পাদক ড. মোঃ ফারুক হোসেন, কোষাধ্যক্ষ ড. মোঃ রবিউল ইসলাম এবং ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ ফিরোজ আলী, নির্বাহী সদস্য প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম মন্ডল, ড. মোঃ রবিউল আউয়াল, ড. মোঃ জগলুল সাদাত, মোঃ আব্দুর রাজ্জাক এবং মোঃ তানভীর করিম।

জাতীয় চার নেতার অন্যতম এ এইচ এম কামারুজ্জামানের মাযারে পুস্পস্তব অর্পণ করছেন রুয়েট শিক্ষক সমিতির নেতৃবৃন্দ।

আইটি বিষয়ক দক্ষতা বৃদ্ধিতে দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত ও তৃতীয় ব্যাচের প্রশিক্ষণ শুরু

আইটি বিষয়ক ব্যবহারিক জ্ঞান এবং পর্যাপ্ত দক্ষতা ছাড়া এখন ভাল চাকুরী পাওয়া সম্ভব নয় বলে অভিমত ব্যক্ত করেছেন রুয়েটের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আইটি বিষয়ক কর্মদক্ষতা বৃদ্ধির নিমিত্তে আয়োজিত দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদ বিতরণী অনুষ্ঠানে তিনি এ অভিমত ব্যক্ত করেন।

আইটি বিষয়ক দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

২৭ জানুয়ারী বুধবার বিকেলে কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের শিক্ষা ও গবেষণা প্রকল্পের সহায়তায় রুয়েটের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখা যৌথভাবে এই প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ আরও বলেন, প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ রূপকল্প বাস্তবায়ন করতে হলে সকল জনশক্তিকে আইটি বিষয়ে দক্ষতা অর্জন করতে হবে।

এই প্রশিক্ষণ কর্মসূচী রুয়েটে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আইটি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান। সভাপতিত্ব করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মো: আব্দুল আলীম।

উক্ত প্রশিক্ষণে রুয়েটে কর্মরত ১১ জন সিনিয়র ডাটা প্রসেসর, ডাটা প্রসেসর ও কম্পিউটার অপারেটরগণ অংশগ্রহণ করেন। কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন প্রফেসর ড. মো: শহীদ উজ জামান।

প্রশিক্ষণ কোর্স পরিচালনা করেন সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট বিমলেন্দু সেখর সরকার, সিস্টেম এ্যানালিষ্ট সৈয়দ মোস্তফা কামাল এবং এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার মোঃ এমদাদুল হক।

দ্বিতীয় ব্যাচের প্রশিক্ষণের সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান শেষে তৃতীয় ব্যাচের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। তৃতীয় ব্যাচের প্রশিক্ষণে রুয়েটের বিভিন্ন দপ্তরে কর্মরত ১২ জন ডাটা প্রসেসর অংশ নিয়েছেন।

পর্যায়ক্রমে রুয়েটের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে আইটি বিষয়ক কর্মদক্ষতা বৃদ্ধির জন্য এই প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে বলে জানিয়েছেন কোর্স কো-অর্ডিনেটর ড. মোঃ শহীদ উজ জামান।

রুয়েটে সরস্বতী পূজা উদ্‌যাপন

রুয়েটে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্যে দিয়ে পালিত হয়েছে সরস্বতী পূজা।

রুয়েটে সরস্বতী পূজা মন্ডপে আয়োজনকারীদের সাথে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ভবন প্রাঙ্গণে ১২ ফেব্রুয়ারী শুক্রবার বিকেলে রুয়েটে সরস্বতী পূজার মন্ডপ পরিদর্শন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। সকালে পূজার আনুষ্ঠানিকতা শুরুর সময়ে উপস্থিত ছিলেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফি, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা সহ বিভিন্ন বিভাগের শিক্ষক এবং ছাত্র-ছাত্রীবৃন্দ। ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সাথে শিক্ষার্থীরা সরস্বতী পূজা উৎসব পালন করেছে।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে রুয়েটে বিভিন্ন কর্মসূচী পালন

বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে রুয়েটে যথাযথ মর্যাদায় পালিত হয়েছে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। কর্মসূচীর মধ্যে ছিল একুশের প্রথম প্রহরে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ।

রুয়েট কেন্দ্রীয় শহীদ মিনারে একুশের প্রথম প্রহরে পুষ্পস্তবক অর্পণ করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগসহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ ও ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন প্রশাসনের পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময়ে মহান ভাষা আন্দোলনে নিহত শহীদদের আত্মার শান্তি কামনা করে এক মিনিট নিরবতা ও দোয়া করা হয়।

বিভিন্ন হলের প্রভোষ্ট, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সমিতির নেতৃবৃন্দ এবং রুয়েট ছাত্রলীগ, ডিবেটিং ক্লাব, রোবটিক ক্লাব, ক্যারিয়ার ক্লাবসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করে শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়।

সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবনসহ সকল ভবনে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন করা হয়। বাদ আসর কেন্দ্রীয় জামে মসজিদে শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত ও মিলাদ অনুষ্ঠিত হয়।

এসব কর্মসূচীতে যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, পুরকৌশল বিভাগের প্রধান ও পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, পরিচালক (ছাত্রকল্যাণ) এন এইচ এম কামরুজ্জামান সরকার সহ বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

বঙ্গবন্ধুর জন্ম দিবস উপলক্ষ্যে রুয়েটে বিভিন্ন কর্মসূচী পালিত

১৭ মার্চ বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে যথাযথ মর্যাদার সঙ্গে পালিত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৭তম জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস-২০১৬ উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

দিবসটি উপলক্ষ্যে ১৭ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনসহ হলগুলোতে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ১০ টায় কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। সাড়ে ১০ টায় অনুষ্ঠিত হয় শিশুদের চিত্রাংকণ প্রতিযোগিতা এবং বাদ জোহর জাতির জনকের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এছাড়া এই দিবসটি উপলক্ষ্যে রুয়েটে শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজন করা হয় রচনা প্রতিযোগিতা। প্রতিযোগিতার বিষয় নির্ধারণ করা হয়েছিল 'বঙ্গবন্ধু ও সোনার বাংলা'।

সকাল ১১ টায় কেন্দ্রীয় ক্যাফেটেরিয়াতে অনুষ্ঠিত হয় 'বঙ্গবন্ধুর জীবন ও কীর্তি' শীর্ষক আলোচনা সভা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান। এতে প্রধান অতিথি ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। আলোচনা সভা শেষে চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে ভাইস চ্যান্সেলর পুরস্কার বিতরণ করেন।

বেলা ১২ টায় রুয়েটে সদ্য নির্মিত বঙ্গবন্ধু হল প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

এই বিশেষ দিবস উপলক্ষ্যে রুয়েটে আয়োজিত অনুষ্ঠানগুলোতে বক্তব্য রাখেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার। অনুষ্ঠান পরিচালনা করেন উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা।

স্বাধীনতা দিবসে রুয়েটে বিভিন্ন কর্মসূচী পালন

বিভিন্ন কর্মসূচী আয়োজনের মধ্যে দিয়ে রুয়েটে যথাযথ মর্যাদায় পালিত হয়েছে মহান স্বাধীনতা দিবস।

মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আয়োজিত প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

কর্মসূচীর মধ্যে ছিল সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবনসহ বিভিন্ন হলে জাতীয় পতাকা উত্তোলন। সকাল ৯ টায় কেন্দ্রীয় শহীদ মিনারে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগের নেতৃত্বে শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি, মাস্টাররোল কর্মচারী সমিতি ও রুয়েট ছাত্রলীগের নেতৃবৃন্দ পুষ্পস্তবক অর্পণ করেন। সকাল সাড়ে ৯ টায় কেন্দ্রীয় শরীরচর্চা কেন্দ্রে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা এবং প্রীতি ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। দুপুরে আয়োজন করা হয় আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

অনুষ্ঠানগুলোতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তাফী, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম প্রমূখ।

অনুষ্ঠান পরিচালনা করেন উপ-পরিচালক (ছাত্র কল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা। অনুষ্ঠানগুলোতে রুয়েটের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

এছাড়া বাদ যোহর কেন্দ্রীয় জামে মসজিদে শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত ও মিলাদ অনুষ্ঠিত হয়।

রুয়েট অফিসার্স এ্যাসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত

রুয়েট অফিসার্স এ্যাসোসিয়েশনের দ্বি-বার্ষিক নির্বাচন ৯ মার্চ বুধবার শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। ইতি পরিষদ। মোট ১৫ টি পদের জন্য দুটি প্যানেল থেকে ৩০ জন কর্মকর্তা প্রতিদ্বন্দ্বিতা করেন।

শাহনেওয়াজ সরকার সেন্টু

প্রধান নির্বাচন কমিশনার প্রকৌশলী অমিত রায় চৌধুরী জানিয়েছেন, বুধবার সকাল ১০ টা থেকে দুপুর ১টা পর্যন্ত রুয়েট অফিসার্স এ্যাসোসিয়েশনের কার্যলয়ে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। রুয়েটে কর্মরত ১২৬ জন কর্মকর্তা এই নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করেন।

এবারের নির্বাচনে মোট দুটি প্যানেল অংশগ্রহণ করে। প্যানেল দুটি হচ্ছে সেন্টু ও হাবীব পরিষদ এবং মাহবুব ও এই নির্বাচনকে ঘিরে রুয়েটে কর্মরত কর্মকতাদের মধ্যে বেশ উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি হয়। উভয় প্যানেল নানাভাবে তাদের প্রচার প্রচারণা চালানোর ফলে রুয়েট ক্যাম্পাসে এক আনন্দঘন পরিবেশের সৃষ্টি হয়।

মোঃ হাবিবুর রহমান হাবিব

অফিসার্স এ্যাসোসিয়েশনের দ্বি-বার্ষিক নির্বাচনে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন যথাক্রমে শাহনেওয়াজ সরকার সেন্টু ও মোঃ হাবিবুর রহমান হাবিব। সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন মোঃ মখলেসুর রহমান এবং ডাঃ মোঃ আজিজুল ইসলাম। অন্যান্য পদে বিজয়ীরা হচ্ছেন- মোঃ শাহিনুল ইসলাম (সহ-সাধারণ সম্পাদক), মোঃ ইয়াহিয়া (অর্থ সম্পাদক), মোঃ আব্দুর রায়হান (সাংগঠনিক সম্পাদক), মোঃ মাহমুদার রহমান খান (ক্রীড়া সম্পাদক), মোঃ আসিফ ইকবাল (সহ-ক্রীড়া সম্পাদক), এ কে এম আনোয়ারুল ইসলাম (সাংস্কৃতিক সম্পাদক) এবং মোঃ গোলাম শাহরিয়ার (দপ্তর ও প্রচার সম্পাদক)। এছাড়া নির্বাহী সদস্য পদে বিজয়ীরা হচ্ছেন- মোঃ আশফাকুল বারী, মোঃ ফরমান আলী, কাজী মোঃ সওয়রয়ার হোসেন এবং মোঃ ইয়াসিন আলী।

অফিসার্স এ্যাসোসিয়েশনের নবনির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণ

রুয়েটের অফিসার্স এ্যাসোসিয়েশনের নবনির্বাচিত কমিটির সদস্যদের শপথ ও দায়িত্ব গ্রহণ অনুষ্ঠান ২২ মার্চ মঙ্গলবার বিকেলে অনুষ্ঠিত হয়েছে।

রুয়েট অফিসার্স এ্যাসোসিয়েশনের নবনির্বাচিত সভাপতি শাহনেওয়াজ সরকার সেন্তুকে ফুল দিয়ে বরণ করে নিচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

বিকেল চারটায় কেন্দ্রীয় ক্যাফেটেরিয়াতে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। তিনি অফিসার্স এ্যাসোসিয়েশনের নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অন্যান্য সদস্যদের ফুলের তোড়া দিয়ে বরণ করেন। এ সময়ে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ নবনির্বাচিত কমিটির নির্বাচিত সদস্যদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং রুয়েটের সার্বিক উন্নয়ন এবং অগ্রযাত্রায় প্রশাসনের সাথে যৌথভাবে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অফিসার্স এ্যাসোসিয়েশনের আহ্বায়ক মোঃ মাহবুবুল আলম, ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক তৌহিদ আরিফ খান চৌধুরী এবং সদ্য দায়িত্বপ্রাপ্ত সভাপতি শাহনেওয়াজ সরকার সেন্তু।

২ এপ্রিল রুয়েটে অনুষ্ঠিত হবে জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা

হাই স্কুলে পড়ুয়া শিক্ষার্থীদের কম্পিউটার প্রোগ্রামিংয়ে আগ্রহী করে তোলা এবং এ বিষয়ে তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আগামী ২ এপ্রিল শনিবার রুয়েটে ‘জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা’-এর আঞ্চলিক পর্বের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম প্রধান অতিথি হিসেবে শনিবার সকাল ৯টায় রুয়েট অডিটোরিয়ামে এই প্রতিযোগিতার উদ্বোধন করবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ দেশের ১৬ টি শহরে এই প্রতিযোগিতার আয়োজন করেছে। রাজশাহী অঞ্চলে এই প্রতিযোগিতার তত্ত্বাবধান করছে রুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।

রাজশাহী অঞ্চলের এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ২ এপ্রিল শনিবার সকাল সাড়ে ৮ টার মধ্যে রুয়েট অডিটোরিয়ামে উপস্থিত হয়ে নাম নিবন্ধন করার অনুরোধ জানানো হয়েছে। সকাল ৯টায় উদ্বোধনী অনুষ্ঠান শেষে শুরু হবে প্রোগ্রামিং কনটেষ্ট, কুইজ প্রতিযোগিতা এবং প্রোগ্রামিং বিষয়ে আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব।

আইডিইবি রুয়েট শাখার মতবিনিময় সভা ও সম্বর্ধনা অনুষ্ঠিত

ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) রুয়েট শাখার মতবিনিময় সভা এবং কেন্দ্রীয় নির্বাচনে বিজয়ী সদস্যদের সম্বর্ধনা অনুষ্ঠান ১৫ ফেব্রুয়ারী সোমবার অত্যন্ত আড়ম্বরপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। বিশেষ অতিথি ছিলেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম এবং পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইডিইবি রুয়েট শাখার সভাপতি মোঃ ইয়াসিন আলী। সভা পরিচালনা করেন আইডিইবি রুয়েট শাখার সাধারণ সম্পাদক মোঃ রাজিবুল ইসলাম।

অনুষ্ঠান শেষে সম্প্রতি অনুষ্ঠিত ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ- এর কেন্দ্রীয় কমিটির নির্বাচনে বিজয়ী রুয়েটের প্রকৌশল শাখার সহকারী প্রকৌশলী মোঃ আহসান হাবিব বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক এবং যন্ত্রকৌশল বিভাগের সিনিয়র টেকনিক্যাল অফিসার মোঃ আশফাকুল বারী ও এ্যাসিসটেন্ট টেকনিক্যাল অফিসার মোঃ রাজিবুল ইসলাম কাউন্সিলর নির্বাচিত হওয়ায় তাঁদেরকে রুয়েটের পক্ষ থেকে সম্বর্ধনা দেয়া হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ তাঁদের ফুলের তোড়া দিয়ে সম্বর্ধনা ও অভিনন্দন জানান।

ন্যাশনাল হ্যাকাথন ২০১৬ প্রতিযোগিতায় অংশ নিচ্ছে রুয়েটের বেশ কয়েকটি দল

ঢাকার পিএসসি কনভেনশন হলে ৬-৭ এপ্রিল অনুষ্ঠিত হতে যাচ্ছে ন্যাশনাল হ্যাকাথন ২০১৬ প্রতিযোগিতা। জাতীয় পর্যায়ের এই প্রতিযোগিতায় দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মত রুয়েট থেকেও কয়েকটি দল অংশ নিচ্ছে। বাংলাদেশ সরকারের আইসিটি মন্ত্রণালয় প্রতি বছর এই প্রতিযোগিতা আয়োজন করে থাকে।

হ্যাকাথনে অ্যাপ ডেভেলপ করছে প্রতিযোগীরা

এই বছর সাস্টেইনেবল ডেভেলপমেন্ট গোল এর আওতাধীন ১০ টি বাছাইকৃত সমস্যার জন্য প্রতিযোগী দলগুলোকে উদ্ভাবনী ও যুগোপযোগী ধারণা এবং তার প্রয়োগ সমাধান আকারে উপস্থাপন করতে হবে। দলগুলোকে এই সমস্যাগুলো সমাধানের মাধ্যম হিসেবে মোবাইল অ্যাপ্লিকেশন তৈরি করতে হয়। এতে অংশগ্রহণকারী দলগুলোর সদস্যদের মোবাইল অ্যাপের আইডিয়া, কোডিং, ডিজাইনিং, মার্কেটিংসহ সংশ্লিষ্ট নানা বিষয়ে দক্ষ হতে হয়।

এ বছর রুয়েট থেকে অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে রয়েছে রুয়েট জিরো (মোঃ ওমর ফারুক, এস এম হাসিবুর রহমান, এম এম আরেফিন জামান), রুয়েট বিগিনার্স (মোঃ আবু হেনা, অনুপ কুমার তরফদার, সানাউল হক, মোঃ জাহিনুল করিম, মোঃ জামিল-উর রহমান), রুয়েট অ্যাপথক্র্যাফট (হাসিন রেহানা, নাফিসা তাসনিম, ফাতেমা আমিন, তাবিন তাসনিম, তাজিন তাসনিম, আক্তারুজ্জামান আশিক), আলফাবেটস (মোঃ জহিরুল ইসলাম, মোঃ সাকিব উজ জামান, মোঃ ইফতেখারুল ইসলাম, পীযূষ কুমার সেন, বি.এম. হিল্লোল আহাদ, জাফর ইকবাল) এবং রুয়েট সিক্সভি (উৎপল বর্মণ, মোঃ জাহিদুল ইসলাম, মোহাম্মদ তুষার আহমেদ, মুশফিক মাহবুব, পার্থ প্রীতম ভৌমিক, তানসিফ আনজার)। প্রতিযোগিতায় বিজয়ী দলগুলোর জন্য রয়েছে বিভিন্ন পুরস্কার। এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী রুয়েটের দলগুলোর প্রতি শুভকামনা জানিয়েছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

সিএসই বিভাগের শিক্ষার্থীদের জন্য বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের আইসিটি ডিভিশন এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) দেশে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে দক্ষ জনশক্তি তৈরীর লক্ষ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করতে যাচ্ছে। এই লক্ষ্য অর্জনে রুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থীদের উক্ত প্রশিক্ষণ কর্মসূচীর অন্তর্ভূক্ত করা হয়েছিল। প্রশিক্ষণ কর্মসূচীর আওতায় থাকছে NET, Java, Mobile Application Development, Web Development, Big Data, English and Employability Skills। এই প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণে আগ্রহী সিএসই বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র-ছাত্রীরা ২৭ মার্চ বিকাল ৪টা থেকে সিএসই ভবনে অনুষ্ঠিত এক ঘন্টাব্যাপী অনলাইন অ্যাসেসমেন্ট পরীক্ষায় অংশগ্রহণ করে। এই অ্যাসেসমেন্ট পরীক্ষায় শিক্ষার্থীদের সাধারণ গণিত, ইংরেজি এবং আইসিটি সম্পর্কীয় সাধারণ জ্ঞানের গভীরতা যাচাই করা হয়।

এই অ্যাসেসমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নির্দিষ্ট বিষয়ের অধীনে ৩০০ ঘন্টার প্রশিক্ষণ কর্মসূচীর আওতাভূক্ত করা হবে। রুয়েট ক্যাম্পাসে আয়োজিত এই প্রশিক্ষণ কর্মসূচীতে মনোনীত শিক্ষার্থীরা অংশ নিতে পারবে। প্রতি সপ্তাহে প্রায় ৯ থেকে ১৫ ঘন্টার প্রশিক্ষণ কর্মসূচী পরিচালিত হবে। প্রশিক্ষণ শেষে সকল শিক্ষার্থীকে সরকারের আইসিটি মন্ত্রণালয়ের পক্ষ থেকে সার্টিফিকেট প্রদান করা হবে। এছাড়াও এই প্রশিক্ষণে যারা ভাল করবে তাদের জন্য কাজের সুযোগ থাকবে।

এনসিপিসি ১৬ প্রতিযোগিতায় রাজশাহী বিভাগ চ্যাম্পিয়ন হয়েছে রুয়েটের সিএসই বিভাগ

গত ১১-১২ মার্চ ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসেফিক-এ অনুষ্ঠিত হয়ে গেলো ন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কন্টেস্ট (এনসিপিসি ২০১৬)। সারা দেশের প্রায় ১২৬ টি দলের অংশগ্রহণে দু'দিন ব্যাপী চলে এই প্রতিযোগিতা।

এই প্রতিযোগিতায় রুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৩টি দল সাফল্যের সাথে অংশগ্রহণে করে। এরমধ্যে একটি দল **RUET_WAWAWA_V2.1** রাজশাহী বিভাগ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। চ্যাম্পিয়ন দলের সদস্যরা হচ্ছে- আবুল কালাম, রাকিবুল হাসান ও এ কে এম রাব্বী। তারা তিন জনই ২০১৩ সিরিজের শিক্ষার্থী। এ দলের কোচের দায়িত্বে ছিলেন সিএসই বিভাগের প্রভাষক বর্ষণ সেন। এছাড়াও বাকি দুটো দল **RUET_Coders** ও **RUET_Ozma_kappa** ভালো ফল অর্জন করে।

এনসিপিসি ১৬ প্রতিযোগিতায় রাজশাহী বিভাগের চ্যাম্পিয়ন রুয়েটের সিএসই বিভাগের শিক্ষার্থীরা পুরস্কার নিচ্ছে।

প্রতিযোগিতা শেষে এক আড়ম্বরপূর্ণ পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক। এই প্রতিযোগিতায় জাতীয়ভাবে চ্যাম্পিয়ন হয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দল।

জাতীয় এই প্রতিযোগিতায় রাজশাহী বিভাগীয় পর্যায়ে রুয়েটের সিএসই বিভাগের **RUET_WAWAWA_V2.1** দল চ্যাম্পিয়ন হওয়ায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ এই দলের সকল সদস্যকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন।

আন্তঃ বিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশ নিল রুয়েটের সিএসই বিভাগের শিক্ষার্থীরা

গত ২৬ ও ২৭ ফেব্রুয়ারি স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং কন্টেস্টে অংশগ্রহণ করে রুয়েটের তিনটি দল। অংশসৃহণকারীরা প্রত্যেকে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী। এই প্রতিযোগিতায় ৯১ টি দলের মোট ২৭৩ জন প্রতিযোগী অংশ নেয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর উপাচার্য প্রফেসর ড. ইফতেখার চৌধুরী। পনের সদস্য বিশিষ্ট বিচারক প্যানেলের নেতৃত্ব দেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মোহাম্মদ কায়কোবাদ। এই প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জন করে যথাক্রমে এনএসইউ সিনোবিস, সাস্ট জেফির ও বুয়েট মু।

প্রোগ্রামিং সমস্যা সমাধানে দেশের প্রোগ্রামাররা

প্রতিযোগিতায় রুয়েট থেকে অংশগ্রহণকারী দলগুলোর মধ্যে ২৩তম অবস্থান অর্জন করে প্যাপল মিনিয়নস (মোঃ নাযিউর রহমান, আসিফ আবদুল্লাহ রোকনী, মোঃ মাহমুদুল হাসান, কোচঃ জনাব বর্ষণ সেন,

RUET Bulletin

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা

২য় বর্ষ :: ৫ম সংখ্যা :: জানুয়ারি-মার্চ ২০১৬

প্রভাষক, সিএসই বিভাগ), ৩৫ তম অবস্থান অর্জন করে **RUET_WAWAWA_V2.1** (মোঃ আবুল কালাম, রাকিবুল হাসান, এ কে এম রাব্বি, কোচঃ জনাব ফিরোজ মাহমুদ, সহকারী অধ্যাপক, সিএসই বিভাগ) এবং ৩৭ তম অবস্থান অর্জন করে অ্যালগরিদম পারি না (প্রিতম কুমার পাল, নাসিফ মাহবুব, তাহসিন মাসরুর, কোচঃ জনাব বর্ষণ সেন, প্রভাষক, সিএসই বিভাগ)।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর বোর্ড অব ট্রাস্টি-এর সভাপতি ড. এ এম শামিম। তিনি প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

রুয়েটে যাত্রা শুরু করলো সিভিল ইঞ্জিনিয়ারিং সোসাইটি (সিইএসআর)

পুরকৌশল বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের শিক্ষা, গবেষণা এবং সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডে সক্রিয়ভাবে সম্পৃক্ত করার লক্ষ্য নিয়ে রুয়েটে যাত্রা শুরু করেছে সিভিল ইঞ্জিনিয়ারিং সোসাইটি অব রুয়েট (সিইএসআর)।

নব গঠিত সিভিল ইঞ্জিনিয়ারিং সোসাইটি অব রুয়েট (সিইএসআর) এর সদস্যদের সাথে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

৩০ জানুয়ারী শনিবার বিকেলে কেন্দ্রীয় ক্যাফেটোরিয়াতে আয়োজিত একটি জাঁকজমক অনুষ্ঠানের মধ্য দিয়ে রুয়েটের পুরকৌশল বিভাগের ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে গঠিত সিভিল ইঞ্জিনিয়ারিং সোসাইটি অফ রুয়েট (সিইএসআর) এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। এই সোসাইটি'র শুভ সূচনা করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ বলেন, শুধুমাত্র একাডেমিক শিক্ষায় শিক্ষিত হলেই চলবে না, ভাল প্রকৌশলী হতে হলে রুয়েট শিক্ষার্থীদের বিভিন্ন প্রোফেশনাল সোসাইটির সাথে সম্পৃক্ত হতে হবে এবং একইসাথে উদ্ভাবনী ও সামাজিত কর্মকান্ডের নিজেদের সম্পৃক্ত করতে হবে।

অনুষ্ঠানে অন্যান্য বক্তারা এই সোসাইটিকে শক্তিশালী ফোরাম হিসেবে গড়ে তোলার জন্য পুরকৌশল বিভাগের ছাত্র-ছাত্রীদের একযোগে কাজ করার আহবান জানান এবং এর সফলতা কামনা করেন।

এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত রেজিস্ট''ার প্রফেসর ড. মোঃ মোশাররফ হোসেন, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, এবং পুরকৌশল বিভাগের প্রফেসর ড. মোঃ নিয়ামূল বারী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুরকৌশল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম এবং মডারেটর হিসেবে ছিলেন পুরকৌশল বিভাগের সহকারী অধ্যাপক বুলবুল আহমেদ।

স্বাগত বক্তব্য রাখেন পুরকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আখতার হোসেন এবং সহকারী অধ্যাপক জনাব বুলবুল আহমেদ।

অনুষ্ঠান শেষে কেক কেটে এই সোসাইটি'র শুভ সূচনা করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। অনষ্ঠানে পুরকৌশল বিভাগের শিক্ষকগণ ছাড়াও বিভাগের বিভিন্ন বর্ষের বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

সিভিল ইঞ্জিনিয়ারিং সোসাইটি অব রুয়েট- এর গঠনের লক্ষ্য এবং যাত্রা প্রসঙ্গে এর মডারেটর জনাব বুলবুল আহমেদ বলেন, পুরকৌশল বিষয়ক অর্জিত জ্ঞানকে বাস্তবে কাজে লাগানো, সেমিনার, ওয়ার্কশপের মাধ্যমে পুঁথিগত বিদ্যাকে শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দেয়া, বর্তমান ও প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে সেতুবন্ধন তৈরি করা, বিভিন্ন প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদের আরো দক্ষ করে তোলার উদ্দেশ্যে মূলতঃ এই সোসাইটি গঠন করা হয়েছে। তিনি রুয়েটের পুরকৌশল বিভাগের সকল প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রীকে এই সোসাইটির সাথে সম্পৃক্ত হয়ে একসঙ্গে কাজ করে যাওয়ার আহ্বান জানান।

ড. বশির আহমেদ কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. বশির আহমেদ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে যোগদান করেছেন। ৩১ জানুয়ারী ২০১৬ তারিখে পুণরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁকে এই পদে নিয়োগ দেওয়া হয়।

ড. বশির আহমেদ ২০০১ সালের ২৪ জুন রুয়েটের সিএসই বিভাগে প্রভাষক হিসাবে যোগদান করেন। ইতোপূর্বে তিনি সিএসই বিভাগের বিভাগীয় প্রধানের দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি সিসকো লোকাল একাডেমী, রুয়েটের লিগ্যাল মেইন কনটাক্ট (এলএমসি) হিসাবে দু'বার দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি শহীদ শহীদুল ইসলাম হলের প্রভোষ্ট হিসাবেও দায়িত্ব পালন করছেন।

দায়িত্ব গ্রহণের পর তিনি বলেন, ইতিমধ্যে সেন্ট্রাল কম্পিউটার সেন্টার হতে রুয়েটের বিভিন্ন পর্যায়ের কর্মচারীদের আইটি বিষয়ে সল্পমেয়াদী প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ভবিষ্যতে আইটি বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীর কার্যক্রম পরিচালনার জন্য তিনি আন্তরিকভাবে চেষ্টা চালাবেন। কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারটিকে আধুনিকভাবে গড়ে তোলার ব্যাপারে তিনি সর্বদা তৎপর রয়েছেন। এর ধারাবাহিকতায় তিনি বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছেন যার সুফল খুব শীগ্রই পাওয়া যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সম্পাদনা পরিষদ: সভাপতি: প্রফেসর ইকবাল মতিন, সদস্য: প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, ড. মোঃ আল মামুন, জনাব মোঃ সাব্বির আহসান।
সম্পাদক: মোঃ গোলাম মুরতুজা :: প্রেস এন্ড পাবলিকেশন সেকশন, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।
ফোন: পিএবিএক্স: +৮৮০-৭২১-৭৫০৭৪২-৩ (৬৬৯) ফ্যাক্স: +৮৮০-৭২১-৭৫০১০৫, ই-মেইল: ঢ়ৎড়.ৎঁবঃ@মসধরষ.পড়স, ওয়েবসাইট: www.ruet.ac.bd